গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
[মুল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাং / ২৮শে জুলাই, ১৯৯৬ইং

SRO নং ১২৭-আইন/৯৬/১২৯-মুসক।- মুল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [উক্ত আইনের ধারা ৬(৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, চলচিচত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুল্কায়ন বিশেষ কার্যপ্রণালী বিধিমালা, ১৯৯১ রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। (১) **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন**।- এই বিধিমালা চলচিচত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) শুল্কায়ন বিশেষ কার্যপ্রণালী বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১৩ইং শ্রাবন, ১৪০৩ বাং মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ইং তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ‘‘আইন’’ অর্থ, মুল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন);

(খ) ‘‘কর’’ অর্থ, আইন এর ধারা ৩-এ উল্লিখিত মুল্য সংযোজন কর এবং ধারা ৭ এ উল্লিখিত সম্পুরক শুল্ক;

(গ) ‘‘ঘোষণাপত্র’’ অর্থ, এই বিধিমালার ফরম ‘খ’তে বর্ণিত ঘোষণাপত্র।

(ঘ) ‘‘প্রবেশপত্র’’ অর্থ প্রেক্ষাগৃহে প্রবেশের জন্য ব্যবস্হাপনা কর্ত্রপক্ষ কর্তৃক ফরম ‘ক’তে বর্ণিত ইস্যুকৃত বা বিক্রীত টিকেট;

(ঙ) ‘‘প্রবেশ মুল্য’’ অর্থ প্রবেশ ফি এবং শীতাতপ নিয়ন্ত্রণ ও প্রেক্ষাগৃহের রক্ষণাবেক্ষণের জন্য আদায়কৃত চার্জসমুহের সমষ্টি;

(চ) ‘‘সুপারিনটেনডেন্ট’’ অর্থ স্হানীয় মুল্য সংযোজন কর কার্যালয় বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট।

৩। **কর নিরূপণ পদ্ধতি**।- আইনের অধীনে প্রণীত অন্য কোন বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, চলিচচত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) কর্তৃক প্রদত্ত সেবার উপর আরোপণীয় কর এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে আদায় হইবে।

৪। **সম্পুরক শুল্ক আরোপের জন্য মুল্য**।- প্রেক্ষাগৃহ কর্তৃক প্রদত্ত সেবার উপর সম্পুরক শুল্ক আরোপের জন্য মুল্যের ভিত্তি হইবে বিধি ২ এর দফা (ঙ) তে বর্ণিত প্রবেশ মুল্য।

৫। **মুল্য সংযোজন কর আরোপের জন্য মুল্য**।- প্রেক্ষাগৃহ কর্তৃক প্রদত্ত সেবার উপর মুল্য সংযোজন কর নিরূপণের ভিত্তিতে হইবে বিধি ২ এর দফা (ঙ) তে বর্ণিত প্রবেশ মুল্যের উপর প্রযোজ্য হারে সম্পুরক শুল্কসহ মুল্য।

৬। **কর পরিশোধের পদ্ধতি**।- মুল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২(১) এর দফা (ঘ) তে বর্ণিত ফরমে (মুসক-১৮) প্রেক্ষাগৃহের মাধ্যমে সেবা প্রদানকারী চলতি হিসাব পুস্তক সংরক্ষণ করিবেন এবং উক্ত বিধিতে বর্ণিত পদ্ধতিতে তৎকর্তৃক প্রদেয় কর পরিশোধ করিতে হইবে। প্রত্যেক মাসের জন্য তাহার সকল করদায়ীতার বিবরণ সম্বলিত দাখিলপত্র পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট এর নিকট পেশ করিতে হইবে। '

৭। **প্রবেশ পত্র**।- প্রেক্ষাগৃহে প্রদর্শিত প্রভাতী, বৈকালিক, সান্ধ্য, নৈশ এবং বিশেষ শো (Show) এর জন্য যে কোন রংয়ের কাগজে যথাক্রমে সবুজ, গোলাপী, হলুদ, নীল ও কালো রংয়ের কালিতে মুদ্রিত প্রবেশপত্র ইস্যু করিতে হইবে। প্রতিটি শো-এর প্রবেশপত্রে স্বতন্ত্র ধারাবাহিক ক্রমিক সংখ্যা থাকিবে এবং প্রবেশপত্রের ক্রম অনুসারে উহা ইস্যু করিতে হইবে। প্রতিটি প্রবেশপত্রে পারফোরেশন (Perforation) দ্বারা বিচ্ছিন্ন তিনটি অংশ থাকিবে। প্রতিটি অংশে এই বিধিমালার সহিত সংযুক্ত "ফরম-ক"তে উল্লিখিত তথ্যাবলী সুস্পষ্ট, লক্ষ্যণীয় ও অনপনেয়ভাবে মুদ্রিত থাকিতে হইবে। এইরূপে পারফোরেশন (Perforation) দ্বারা বিচ্ছিন্ন প্রবেশপত্রের প্রথম অংশ রেকর্ড হিসাবে প্রেক্ষাগৃহে সংরক্ষণ করিতে হইবে এবং উহার দ্বিতীয় ও তৃতীয় অংশ সেবা গ্রহণকারী (দর্শক) -কে প্রদান করিতে হইবে।

৮। **ঘোষণাপত্র দাখিল**।- (১) সেবা প্রদানকারী প্রেক্ষাগৃহ চালু করার অনুন্যন এক সপ্তাহ পুর্বে স্হানীয় মুল্য সংযোজন কর কার্যালয়ে এই বিধিমালার সহিত সংযুক্ত "ফরম-খ" তে উল্লিখিত ঘোষণাপত্র দাখিল করিবেন। (২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত ঘোষণাপত্রে উল্লিখিত তথ্যাবলীর যে কোন পরিবর্তনের ক্ষেত্রে উহা সংগে সংগে সংশ্লিষ্ট মুল্য সংযোজন কর কার্যালয়কে অবহিত করিতে হইবে। অন্যথায় ঘোষণাপত্রে বর্ণিত তথ্যাবলী সকল সময়েই হালনাগাদ বলিয়া গণ্য হইবে।

৯। [১](**অপরাধ ও দন্ড**।- বিধিমালা বর্ণিত শর্তাদি পালনে ব্যর্থ বা অপারগতা হইবে এই অপরাধ এবং আইনের বিধান অনুসারে উক্ত অপরাধ দন্ডযোগ্য হইবে।)

১। SRO-১৭৮-আইন/২০০৪/৪২৪-মুসক, তাং- ১০/৬/০৪ বলে বিধি ৯ প্রতিস্হাপিত।
প্রণিধান্যঃ প্রেক্ষাগৃহে যদি বাণিজ্যিক ভিত্তিক বিজ্ঞান প্রচার করা হয়, তবে নিবন্ধন পত্রে "বিজ্ঞাপনী সংস্হা" incorporate করতে হবে এবং বোর্ডের সাঃ আঃ নং-২/মূসক/৯২ এর নির্দেশনা মোতাবেক এ খাতের করও পরিশোধ করতে হবে।

'ফরম-ক'

প্রবেশপত্রের নমুনা

(বিধি ২ ও ৭ দ্রষ্টব্য)

প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা	প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা	প্রেক্ষাগৃহের নাম ও ঠিকানা
ক্রমিক নং------ তারিখ----------	ক্রমিক নং------ তারিখ--------	ক্রমিক নং----- তারিখ---------
শো-----------শ্রেণী------------	শো-----------শ্রেণী--------------	শো---------শ্রেণী-----------
প্রবেশমুল্য ---------------------	প্রবেশমুল্য ---------------------	প্রবেশমুল্য --------------------
সম্পুরক শুল্ক ------------------	সম্পুরক শুল্ক -------------------	সম্পুরক শুল্ক -----------------
মুল্য সংযোজন কর--------------	মুল্য সংযোজন কর---------------	মুল্য সংযোজন কর-------------
[১][অন্যান্য চার্জ -----------------	অন্যান্য চার্জ ------------------	অন্যান্য চার্জ -----------------]
মোট মুল্য --------------------	মোট মুল্য ----------------------	মোট মুল্য ---------------------

'ফরম-খ'

ঘোষণাপত্রের নমুনা

(বিধি ২ ও ৮ দ্রষ্টব্য)

চলচিচত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ) এর তথ্যাবলী সম্বলিত ঘোষণাপত্র

বরাবর,
সুপারিনটেনডেন্ট

----------------------------।

১। প্রেক্ষাগৃহের নামঃ ---
২। ঠিকানাঃ---
৩। নিবন্ধন নম্বর --
৪। প্রেক্ষাগৃহের শ্রেণীবিন্যাস, আসন সংখ্যা, শুল্ক-কর ইত্যাদি

শ্রেণী	আসন সংখ্যা	প্রবেশ মুল্য	সম্পুরক কর	মুল্য সংযোজন কর	মোট মুল্য
১	২	৩	৪	৫	৬ (-৩+৪+৫)

(ক) ---------

(খ) ---------

(গ) ---------

(ঘ) ---------

মোট

আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, উপরোক্ত ঘোষণা আমার/আমাদের জানামতে সম্পুর্ণ সত্য ও নির্ভুল।

প্রেক্ষাগৃহ কর্তৃপক্ষের
স্বাক্ষর ও সীল।

(আহমেদ মনিরুছ সালেহীন)
দ্বিতীয় সচিব (মুসক)

১। SRO নং-৬৬-আইন/৯৭/১৪৮-মুসক, তাং- ১৩/৩/৯৭ এর প্রবিধান মোতাবেক 'অন্যান্য চার্জ'' শব্দগুলো সংস্হাপতি।